সংবাদ

তারিখ ... 03 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

### কালিয়াকৈরে বই বিতরণ উৎসবে স্পিকার

# শিক্ষার্থীদের সুশিক্ষিত করে গড়ে তুলতে বিত্তবানদেরও এগিয়ে আসতে হবে

নিজস্ব বার্তা পরিবেশক

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, শিক্ষার্থীরাই দেশের ভবিষ্যৎ। তাদের সুশিক্ষিত করে গড়ে তুলতে সরকারের পাশাপাশি সমাজের বিত্তবানদেরও এগিয়ে আসতে হবে। গতকাল গাজীপুরের কালিয়াকৈর উপজেলার আফাজউদ্দিন মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজের আনুষ্ঠানিক উদ্বোধন ও বই বিতরণ উৎসব-২০১৬ এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

কলেজের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মো. জলিল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কালিয়াকৈর পৌরসভার মেয়র মো. মুজিবুর রহমান, কলেজের অধ্যক্ষ মো. দেলোয়ার হোসেন প্রমুখ।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, আমাদের ছেলেমেয়েরা অত্যন্ত মেধাবী ও প্রতিভাবান। সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে তাদের মাঝে শিক্ষাদান করা গেলে তারা অবশ্যই সুনাগরিক হিসেবে গড়ে উঠবে। ছাত্রছাত্রীদের উদ্দেশে স্পিকার বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হলে তথ্য প্রযুক্তি বিষয়ে নিজেদের দক্ষ করে গড়ে তুলতে হবে। শুধু শিক্ষা ক্ষেত্রে নয়, সমাজ গঠনের সকল ক্ষেত্রে নিজেদের নিয়োজিত করতে তিনি আহ্বান জানান।